

## অধিকার এর পক্ষ থেকে আন্তর্জাতিক মানবাধিকার দিবস উদযাপন

আজ ১০ ডিসেম্বর ২০১৩ আন্তর্জাতিক মানবাধিকার দিবস উপলক্ষে বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি নিয়ে অধিকার কার্যালয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অধিকার এর সেক্রেটারি আদিলুর রহমান খান এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন জাতীয় মুক্তি কাউন্সিল এর সেক্রেটারি ডাঃ ফয়জুল হাকিম লালা, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ পিয়াস করিম, নিউ এজ এর যুগ্ম বার্তা সম্পাদক শহীদুজ্জামান, নিউজ ফ্রম বাংলাদেশ এর সম্পাদক তানভীর চৌধুরী, অধিকার এর পরিচালক এএসএম নাসির উদ্দিন এলান; অধিকার এর রেজাউল করিম হাশমী; তাসকিন ফাহমিনা এবং নাগরিক উদ্যোগের এডভোকেট আলেয়া বেগম সহ মানবাধিকার কর্মীবৃন্দ। আলোচনার শুরুতে বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি নিয়ে অধিকার এর পক্ষ থেকে লিখিত বক্তব্য উপস্থাপন করেন সংগঠনের কো-অর্ডিনেটর সাজ্জাদ হোসাইন। মানবাধিকার দিবসে এবারের প্রতিপাদ্য বিষয় ছিল, “ইনক্লুশন এন্ড দ্য রাইট টু পার্টিসিপেট ইন পাবলিক লাইফ”।

অধিকার এর সেক্রেটারি আদিলুর রহমান খান বাংলাদেশের চলমান মানবাধিকার পরিস্থিতি প্রসঙ্গে বলেন, পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল করে রাজনৈতিক পরিস্থিতিকে সহিংস করে তোলা হয়েছে। বিরোধীমতের বিভিন্ন মিডিয়া বন্ধ করে দেয়াসহ আমার দেশ এর ভারপ্রাপ্ত সম্পাদককে আটক করে রাখা হয়েছে। একতরফা নির্বাচনকে কেন্দ্র করে বাংলাদেশের রাজনৈতিক সমস্যাকে আরো তীব্রতর করে তোলা হয়েছে। আন্তর্জাতিক মানবাধিকার দিবস উপলক্ষে মানবাধিকার লঙ্ঘনের ওপর এই আলোচনা সভাকে তিনি প্রতিবাদী সভা হিসেবে অভিহিত করেন।

ডাঃ ফয়জুল হাকিম লালা বলেন, বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি পর্যবেক্ষণ করে বলতে হয় যে, রাষ্ট্র প্রতিনিয়ত মানবাধিকার লঙ্ঘন করছে। এই পরিস্থিতি আজকে এমন এক পর্যায়ে পৌঁছেছে যে, মানবাধিকার রক্ষার কাজে যাঁরা নিয়োজিত রয়েছেন তাঁরা প্রতিনিয়ত হয়রানির শিকার হচ্ছেন। উদাহরণ স্বরূপ তিনি বলেন, অধিকার এর নেতৃবৃন্দের ওপরে হামলা এবং তাঁদেরকে বিভিন্নভাবে হয়রানি করছে রাষ্ট্র। তিনি বলেন, আগে বিনা বিচারে কাউকে আটক করা হলে সেটাকে মানবাধিকার লঙ্ঘন হিসেবে আখ্যায়িত করা হতো, আর এখন মানুষকে গুম করে দেয়া হচ্ছে। এর ফলে মানবাধিকার আরো চরমভাবে লঙ্ঘিত হচ্ছে। আশির দশকের মূল

---

দাবি ছিল কাউকে বিনা বিচারে আটক করা যাবে না, কিন্তু বর্তমানে প্রতিনিয়ত গুমের ঘটনা ঘটলেও মানুষ ভয়ে কথা বলতে পারছে না।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. পিয়াস করিম বলেন, আজকের এই সংঘাতময় পরিস্থিতির তৈরি হয়েছে ১০ম জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে একতরফাভাবে নির্বাচনের তফসিল ঘোষণার মধ্যে দিয়ে। যার মূল উৎস হল পঞ্চদশ সংশোধনী। এই সংকটাপন্ন পরিস্থিতির সমাধান নির্ভর করছে দুটি প্রধান রাজনৈতিক দলের মধ্যে সমঝোতার ওপর। তিনি বলেন, রাষ্ট্র বর্তমানে চরমভাবে ফ্যাসিবাদী হয়ে উঠেছে। রাষ্ট্রের অর্থনীতি, যোগাযোগ ব্যবস্থা, শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়ছে, তবুও শাসকশ্রেণী ক্ষমতা আঁকড়ে ধরে রেখেছে।

আন্তর্জাতিক মানবাধিকার দিবস উপলক্ষে ১৫টি জেলায় অধিকার এর সঙ্গে সংশ্লিষ্ট মানবাধিকার রক্ষাকর্মীরা র্যালি, মানববন্ধন করা সহ জেলা প্রশাসক এবং পুলিশ সুপারের কাছে স্মারকলিপি জমা দেয়।